দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 05 JAN 2008
পৃষ্ঠা ৪ কলাম ৩

৪২ Frame

# ৭ হাজার শিক্ষক কর্মচারী চার বছর ধরে বেতন পান না

**পটুয়াখালী, ৪ জানুয়ারি, নিজস্ব সংবাদদাতা** ॥ দেশের বেসরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ভোকেশনাল কোর্সের ১১০০ শিক্ষা প্রতিষ্ঠানের সাত হাজারেরও বেশি শিক্ষক-কর্মচারী ৪ বছর ধরে চাকরি করলেও তাঁরা বেতন-ভাতা হতে বঞ্চিত। পরিবার-পরিজন নিয়ে তাঁরা মানবেতর জীবন যাপন করছেন। মানবিক বিবেচনায় তাঁরা অবিলম্বে বেতন-ভাতা দেয়ার জন্য সরকারের প্রতি দাবি জানিয়েছেন। শুক্রবার বেলা ১১টায় পটুয়াখালী প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে নন-এমপিওভূক্ত (মান্থলি পেমেন্ট অর্ডার)ভূক্ত বেসরকারী ভোকেশনাল শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের আহ্বায়ক ও পটুয়াখালীর দুমকি উপজেলার উত্তর শ্রীরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মোঃ কামাল হোসেন এ দাবি জানান।

লিখিত বক্তব্যে তিনি বলেন, দেশে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে তৎকালীন সরকার ১৯৯৫ সালে দেশের জেলা সদরের মাধ্যমিক পর্যায়ের ৫০০ শিক্ষা প্রতিষ্ঠানে ভোকেশনাল কোর্স চালু করে। পরে ২০০১ সাল থেকে সরকার দেশের উপজেলা পর্যায়ে শর্তসাপেক্ষে এ কোর্স সম্প্রসারণের ঘোষণা দিলে এ পর্যন্ত ১১০০ শিক্ষা প্রতিষ্ঠানে ৭ হাজারেরও বেশি শিক্ষক নিয়োগপ্রাপ্ত হয়ে শিক্ষকতা করে আসছেন। কিন্তু সরকার ২০০৪ সালের মার্চ থেকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভূক্তি-বন্ধ রাখায় তারা বেতন ভাতা হতে বঞ্চিত আছেন। সংগঠনের যুগ্ম আহ্বায়ক অপু ব্যানার্জী, সদস্য মোঃ নুরুজ্জামান, মাহবুব আলম ও বিজয়কৃষ্ণ দাস প্রমুখ উপস্থিত ছিলেন।